

১৩৮ ১১ JAN 20 3

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ সন্ত্রাসীদের কবল থেকে না.গঞ্জ জেলা ছাত্রদল মুক্ত হয়নি

নারায়ণগঞ্জ প্রতিनिधि : জাতীয়তাবাদী ছাত্রদল সরকারি ডোলাদাম কলেজ এবং নারায়ণগঞ্জ কলেজ শাখার নেতৃবৃন্দ সোমবার এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেছেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও বিএনপির ১নং যুগ্ম মহাসচিব তারেক রহমানের সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও জেলা ছাত্রদলের কমিটি সন্ত্রাসী, অজ্ঞাত, মাদক ব্যবসায়ী, চাইনিজ রেইক্রেট কাম বারের গয়েটার, খ্রিষ্টিং প্রেসের কর্মচারীদের কবল থেকে মুক্ত হয়নি। অজ্ঞাত এক নেতা ভূয়া কাগজ দেখিয়ে জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক হওয়ায় প্রকৃত ছাত্রদের মধ্যে চরম হতাশার সৃষ্টি হয়েছে।

দুপুরে নারায়ণগঞ্জ প্রেসক্লাবে আয়োজিত এই সংবাদ সম্মেলনে সিঁচিত বক্তব্য পঠি করেন নারায়ণগঞ্জ কলেজ ছাত্রদলের আহ্বায়ক রাশিদুর রহমান কুশো। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সরকারি ডোলাদাম কলেজ ছাত্রদলের আহ্বায়ক এম এইচ মামুন, সদস্য সচিব মাদকুল ইসলাম রাজীব, যুগ্ম আহ্বায়ক রাশেদ ফেরদৌস সোহেল প্রমুখ।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ অভিযোগ করেন, বর্তমান জেলা কমিটির সাধারণ সম্পাদক জাহিদ হাসান রোকেল হাট নন। তিনি ছগদ্রাণ বিশ্ববিদ্যালয়ের মাস্টারের ছাত্র পরিচয় দিয়ে ভূয়া কাগজপত্র দাখিল করেছেন। কেন্দ্রীয় নেতৃবৃন্দ এ ব্যাপারে অনুসন্ধান করে নিশ্চিত হয়েছেন। চাঁদাবাজি ও সন্ত্রাসের অভিযোগে কয়েকমাস আগে বিডিআরের অভিযানে রোকেল ধরা পড়ে জেল খেটেছেন।

সংবাদ সম্মেলনে আরো বলা হয়, বিগত আওয়ামী শীপ সরকারের আমলে ছাত্রদলের নগর কমিটি সরকারবিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। আর ছাত্রদলের তৎকালীন জেলা কমিটির সভাপতি পতিভা হত্যা এবং চাঁদাবাজির মামলায় সাজাপ্রাপ্ত হয়ে কারাগারে ছিলেন। সাধারণ সম্পাদক একদিনের জন্যও নারায়ণগঞ্জে না এসে ঢাকায় বসে পরিকায় বিধিতি পাঠান। জেলা কমিটির অধিকাংশই ছিলেন সন্ত্রাসী, অজ্ঞাত, মাদক ব্যবসায়ী, চাইনিজ রেইক্রেট কাম বারের গয়েটার, খ্রিষ্টিং প্রেসের কর্মচারী। পূর্বের কমিটির সাধারণ সম্পাদকই হয়েছেন বর্তমান জেলা কমিটির সভাপতি, আগের সিনিয়র সহ-সভাপতি হয়েছেন বর্তমান কমিটির সাধারণ সম্পাদক। এখনো অশিক্ষিত ও নামধারী ছাত্রনেতারা ই সংগঠনের শীর্ষপদে থেকে ছাত্রদলের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছেন।